

শিক্ষক নিবন্ধন সনদের মেয়াদ চাকরির বয়সসীমা পর্যন্ত বহাল

এম মামুন হোসেন

বেসরকারি শিক্ষক নিবন্ধন সনদের মেয়াদ চাকরির বয়সসীমা পর্যন্ত করা হচ্ছে। এমপিওভুক্ত বেসরকারি স্কুল, কলেজ, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানে নিয়োগের অন্যতম প্রধান শর্ত হিসেবে 'শিক্ষক নিবন্ধন সনদ' বিবেচিত হয়। নতুন শিক্ষক ও বিধি অনুসারে একবার নিবন্ধন পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের চাকরির বয়স সীমা পর্যন্ত ওই সনদের মেয়াদ বহাল থাকবে। শিক্ষা মন্ত্রণালয় এবং বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ) সূত্রে জানা গেছে, 'শিক্ষক নিবন্ধন সনদের' মেয়াদ সংক্রান্ত বিধিতে সংশোধনী আনা হচ্ছে। বিধি সংশোধন করা হলে সনদের মেয়াদ নিয়ে শিক্ষকদের মধ্যে যে হতাশা ও অনিশ্চয়তা রয়েছে তা কেটে যাবে। প্রতি বছরে একবার করে অনুষ্ঠিত শিক্ষক নিবন্ধন পরীক্ষায় উত্তীর্ণদের সনদের বর্তমান মেয়াদ হচ্ছে মাত্র পাঁচ বছর। এ সময়ের মধ্যে এমপিওভুক্ত কোনো শিক্ষাপ্রতিষ্ঠানে চাকরিতে

নিয়োগ না পেলে একজন শিক্ষককে পুনরায় শিক্ষক নিবন্ধন পরীক্ষায় অংশ নিয়ে সনদ অর্জন করতে হতো। এ পর্যন্ত আটটি শিক্ষক নিবন্ধন পরীক্ষায় উত্তীর্ণ হয়ে সনদ অর্জন করেছেন সারাদেশের কয়েক লক্ষাধিক শিক্ষক ও শিক্ষক হতে আগ্রহীরা। তবে সনদধারী সবার চাকরি নিশ্চিত করা সম্ভব হয়নি। এ প্রেক্ষিতে আগামী ২৩ ও ২৪ আগস্ট অনুষ্ঠিত হচ্ছে নবম শিক্ষক নিবন্ধন পরীক্ষা। বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষের (এনটিআরসিএ) অধীনে অনুষ্ঠেয় নবম শিক্ষক নিবন্ধন পরীক্ষার আবেদনের সময় বাড়ানো হয়েছে। আগামী ২৫ মে পর্যন্ত এনটিআরসিএ ওয়েবসাইটে (<http://ntrca.teletalk.com.bd>) আগ্রহী প্রার্থীরা আবেদন করতে পারবেন। সংকুল এক শিক্ষকের উচ্চ আদানতে এনটিআরসিএর সনদের মেয়াদ সংক্রান্ত বিধির গ্রহণযোগ্যতা নিয়ে মামলা দুরার পর কর্তৃপক্ষ মেয়াদ বৃদ্ধির সিদ্ধান্ত নিচ্ছে। এ ক্ষেত্রে শিক্ষকদের আবেদন ও চাকরির : পৃষ্ঠা ১৫ কলাম ৪

চাকরির : শিক্ষক

(শেষ পৃষ্ঠার পর)

দাবির মুখে শিক্ষা মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটিও এ ব্যাপারে বিধি সংশোধনের সুপারিশ করে। শিক্ষা মন্ত্রণালয় সূত্রে জানা গেছে, বিধি সংশোধনের পর একটি এসআরও জারি করে বিধির কার্যকারিতার মেয়াদ বৃদ্ধি করা হবে। বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানে মানসম্মত শিক্ষক নিয়োগের লক্ষ্যে আইন করে এনটিআরসিএ নামে প্রতিষ্ঠান গঠন করা হয়। পরের বছর এর বিধিমালা প্রণয়ন করা হয়। প্রণীত বিধিতে নিবন্ধন সনদের মেয়াদ হিসেবে উল্লেখ করা হয় পাঁচ বছর। কিন্তু বাস্তবতা হচ্ছে সনদ অর্জনের পর নির্দিষ্ট পাঁচ বছরের মধ্যে শিক্ষকরা স্কুল-কলেজ কিংবা মাদ্রাসায় চাকরি নিতে পারে না। এতে শিক্ষকদের মধ্যে হতাশা ও চাপা কোভের সৃষ্টি হয়। আটটি নিবন্ধন পরীক্ষায় সারাদেশে কয়েক লাখ মোক শিক্ষক সনদ অর্জন করেছেন। উল্লেখ্য, ২৩ মার্চ শিক্ষা সচিব ড. কামাল আবদুল নাসের চৌধুরীর সভাপতিত্বে শিক্ষা মন্ত্রণালয়ে এ সংক্রান্ত এক বৈঠকে এনটিআরসিএ সনদের মেয়াদ নিয়ে আইনি বা বিধিগত ভিত্তি নিয়ে শিক্ষাসচিব প্রণয় উপস্থাপন করেন। এ বৈঠকেই সনদের মেয়াদ উন্নুক্ত করার সিদ্ধান্ত হয়। সূত্র জানায়, মন্ত্রণালয়ের মাধ্যমিক শাখায় এনটিআরসিএর বিধিটি সংশোধনের কাজ বর্তমানে শেষপর্যায়ে রয়েছে। এ প্রসঙ্গে এনটিআরসিএ চেয়ারম্যান আশীষ কুমার সরকার বলেন, শিক্ষকদের সুবিধার্থে এবং তাদের দাবির কথা বিবেচনা করে মেয়াদ উন্নুক্ত করার সিদ্ধান্ত নেয়া হচ্ছে। মন্ত্রণালয় এ ব্যাপারে বিধি সংশোধন এবং এসআরও জারির উদ্যোগ নিয়েছে।